শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

অপব্যায়ী পুত্র



লেখক: Edward Hughes

চিত্রাংকন: Alastair Paterson; Lazarus

অভিযোজন: Ruth Klassen; Sarah S.

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

যীশু লোকদেরকে ঈশ্বরের ক্ষমা
সম্বন্ধে বলতে ভালোবাসতেন। কিন্তু
যীশুর সাথে পাপীদের বন্ধুত্ব সম্বন্ধে
যিহূদী নেতারা অভিযোগ করল।

সুতরাং যীশু তিনটি গল্প বলে দেখালেন যে, যখন পাপীরা তাদের পাপের জন্য দুঃখিত হয়, তখন ঈশ্বর কত আনন্দিত হন।



প্রথম গল্প একটি
লোকের সম্বন্ধে,
যার একশোটি
ভেড়া ছিল।
একটি হারিয়ে
গেল।

মেষপালক
নিরানব্বইটি
ভেড়াকে
ছেড়ে দিয়ে
হারিয়ে যাওয়া
একটি ভেড়াকে
খুঁজতে লাগল।

যতক্ষণ না মেষটিকে খুঁজে পাওয়া গেল, ততক্ষণ মেষপালক সেটিকে খুঁজলেন। তারপর আনন্দ

সহকারে তাকে কাঁধে করে নিয়ে ঘরে ফিরলেন।

তিনি তার বন্ধুদের বললেন, “আমার সাথে আনন্দ কর। আমি আমার হারিয়ে যাওয়া মেষকে খুঁজে পেয়েছি”।

যীশু তাদের ব্যাখ্যা করলেন যে, একজন
পাপী অনুতাপ
করলে স্বর্গরাজ্যে
অনেক আনন্দ হয়।
অনুতাপ মানে
নিজের পাপ
সম্বন্ধে দুঃখিত
হওয়া – এতটাই
দুঃখিত যে
সেখান থেকে
বেরিয়ে আসা!

যীশুর পরবর্তী গল্প হল একটি নারীকে নিয়ে, যার দশটি রৌপ্যমুদ্রা ছিল। বোধহয় সেগুলি তার সমস্ত জীবনের সঞ্চয়। একটি ভয়ানক ঘটনা ঘটেছিল। তিনি তার একটি মুদ্রা হারিয়ে ফেললেন।

সমস্ত ঘর ঝাঁট দিয়ে মহিলাটি সেই মুদ্রার খোঁজ করলেন।

অবশেষে, তিনি যখন তার হারানো মুদ্রাটি খুঁজে পেলেন, তিনি খুব খুশি ছিলেন।

অনুমান করতে পার, তিনি কী করেছিলেন? হ্যাঁ, তিনি তার সমস্ত বন্ধুদের এ বিষয়ে বলেছিলেন।



যীশু আবার
বললেন,
"একজন পাপী
যখন অনুতাপ
করে, তখন
স্বর্গে ঈশ্বরের
দূতেরা প্রচুর
আনন্দ করে"।

যীশুর তৃতীয় গল্পটি ছিল খুব দুঃখজনক। এটা একটা ছেলের কথা বলে, যে তার বাবার ঘর ছেড়েছিল।

সেই ছেলে দূর দেশে তার সমস্ত টাকা-পয়সা বোকার মতো খরচা করে দিয়েছিল। এখন সে কী করবে? যখন দুর্ভিক্ষ এল, তখন অবস্থা আরও শোচনীয় হয়ে উঠল। বালকটি অনাহারে মৃত্যুর মুখে পড়ল।

খিদের চরম অবস্থায় বালকটি শূকরদের খাবার দেবার চাকরি পেল। কিন্তু কেউ তাকে খেতে দিত না। সে শুকরের খাদ্য আনন্দ সহকারে খেয়েছিল।



অবশেষে বালকটির চৈতন্য হল। সে ভাবল, “ঘরে ফের, এর থেকে আমার বাড়ির চাকরেরা ভালো খাবার খায়”।



“আমি ঘরে যাব, এবং আমার বাবাকে বলব, আমি আমার
পাপের জন্য দুঃখিত।
আমি তোমার সন্তান
হওয়ার যোগ্য নই।
আমার বিশ্বাস তিনি
আমাকে একজন
চাকরের মতো
গ্রহণ করবেন”।

ঘর থেকে কিছুটা দূরে রাস্তায় তার বাবা তাকে দেখতে পেল। ফিরে আসা সন্তানকে নিতে তার বাবা আনন্দ সহকারে দৌড়ালেন। তিনি তাকে জড়িয়ে ধরে চুম্বন করলেন।



ছেলেটি তার বাবাকে বলতে চাইছিল, “পিতা, আমি পাপ করেছি। আমি তোমার সন্তান হওয়ার যোগ্য নই। তাকে যেন একজন চাকরের মতো রাখা হয়”।



কিন্তু পাতা বাদ সাধলা।
তিনি বললেন, “আমার
ছেলের জন্য সবচেয়ে
ভালো কাপড়, জুতো
ও আংটি নিয়ে এস
এবং এক ভোজসভা
প্রস্তুত কর”।

সেখানে এক বিরাট ভোজসভা প্রস্তুত হয়েছিল, কারণ যে সন্তান হারিয়ে গেছিল, তাকে পাওয়া গেছে।

যীশু এটা দেখানোর জন্য এই গল্পটি বলেছিলেন যে, যারা তাদের পাপের জন্য অনুতাপ করে ঈশ্বরের কাছে ফিরে

আসে, ঈশ্বর তাদেরকে কত ভালোবাসেন।

অপব্যায়ী পুত্র

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

লুক ১৫

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে বিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে
এই কথাগুলো বলুন:
প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!
যোহন ৩:১৬